

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৬৪.১৫.২০২৩-২৯


তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

বিষয়: ঢাকা জেলার গুলশান থানাধীন মহানগর কলেজ-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে 'বিজ্ঞান বিভাগ' খোলার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে ঢাকা জেলার গুলশান থানাধীন মহানগর কলেজ-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে 'বিজ্ঞান বিভাগ' খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ) কর্তৃক শিক্ষক নিয়োগের সুপারিশ ব্যতীত বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না;
- ৩) আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪) কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।


খোদেজা খাতুন
উপসচিব
বেসরকারি কলেজ-৬
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৬৪.১৫.২০২৩-২৯

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) উপসচিব (কলেজ-২ অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮) অধ্যক্ষ, মহানগর কলেজ, গুলশান, ঢাকা
- ৯) যুগ্মসচিব (কলেজ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা


খোদেজা খাতুন
উপসচিব